


শিক্ষার্থীদের জন্য গুগলের নতুন যে এআই সুবিধা চালু

অনলাইন ডেস্ক

প্রকাশিত: ০১:২০, ১০ আগস্ট ২০২৫



ছবি: সংগৃহীত

শিক্ষার্থীদের শেখার অভ্যাসকে আরও অনুসন্ধানমূলক ও ব্যক্তিকেন্দ্রিক করতে কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) নির্ভর নতুন ফিচার ‘গাইডেড লার্নিং’ চালু করেছে গুগল। এই সুবিধাটি তৈরি হয়েছে গুগলের শিক্ষা ও গবেষণাভিত্তিক ভাষা মডেল ‘লার্নএলএম’-এর ওপর ভিত্তি করে।

গুগলের তথ্যমতে, ‘গাইডেড লার্নিং’ শিক্ষার্থীদের চিন্তা ও বিশ্লেষণ ক্ষমতা বাড়াতে ধাপে ধাপে ব্যাখ্যা দেয়, ছবি, ডায়াগ্রাম, কুইজ ও ভিডিওর মাধ্যমে যেকোনো বিষয় সহজ ও আকর্ষণীয়ভাবে শেখায়। পাশাপাশি শিক্ষার্থীর শেখার ধরন অনুযায়ী তথ্য উপস্থাপন করতে পারে।

এ সুবিধায় শিক্ষার্থীরা নিরাপদ ও বন্ধুসুলভ পরিবেশে যেকোনো প্রশ্ন করতে পারবে যেসব প্রশ্ন শ্রেণিকক্ষে করতে সংকোচ বোধ

হয়, সেগুলোর উত্তরও সহজেই পাওয়া যাবে। শিক্ষকরা চাইলে নির্দিষ্ট লিংকের মাধ্যমে কিংবা সরাসরি গুগল ক্লাসরুমে যুক্ত করে শিক্ষার্থীদের এই সেবা দিতে পারবেন, ফলে শ্রেণিকক্ষের বাইরেও শেখার সুযোগ তৈরি হবে।